মুজিবনগরে ১০০ বোতল ফেনসিডিলসহ একজন আটক

মুজিবনগরে ১০০ বোতল ফেনসিডিলসহ মোঃ ইনসান (৩৫) নামের একজনকে ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আটক ইনসান মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের আব্দুলের ছেলে।

আজ রবিবার (১৩ নভেম্বর) ভোররাতের দিকে মুজিবনগর থানা পুলিশের একটি টিম উপজেলার জয়পুর মাঠে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

গ্রেফতার অভিযানে মুজিবনগর থানার এসআই উত্তম কুমার, এসআই সাহেব আলী, এস আই আরিফুর রহমান ও এসআই হেকমত আলীসহ সঙ্গীয় ফোর্সসহ অংশ নেন।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা রজু করা হয়েছে।

আজ রবিবার দুপুরের দিকে আটক ইনসানকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ফুটবলারের আত্ম*হত্যা

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের লিজন আহম্মেদ নামের এক কৃতি ফুটবলার গলাই ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

ফুটবলার লিজন আহম্মেদ ঝাঁউবাড়িয়া গ্রামের মালেশিয়া প্রবাসি সফিরুল ইসলামের ছেলে। গতকাল শনিবার বিকালের দিকে লিজন আহম্মেদ তার নিজ ঘরের আড়ার সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন।

লিজন আহম্মেদ ঝাঁউবাড়িয়া ক্লাব ফুটবল টিমের অধিনায়ক। লিজনের আত্মহত্যা নিয়ে গ্রামের মাঝে শোকের ছাঁয়া নেমে এসেছে। তবে, কি

কারনে, সে আত্মহত্যা করেছে পরিবারের লোক কিছুই বুঝতে পারছেন না।

লিজন আহম্মেদের চাচাত দাদা (দাদার ভাই) আব্দুল হান্নান বলেন, কি কারণে লিজন আত্মহত্যা করেছে আমরা পারিবারিকভাবে কিছুই বুঝতে পারছিনা। এঘটনায় শুধু পরিবার নয়, গ্রামের মানুষের মাঝে শোকের মাতম শুরু হয়েছে। কারণ, তার মত ফুটবলার এই এলাকায় এখন নেই।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, গ্রামের একটি ছোট মেয়ের সাথে এক সময় লিজনের প্রেমের সম্পর্ক গড়ে উঠেছিল। মাস তিনেক আগে সেই মেয়ের পিতা মেহেরপুর সদর থানায় অভিযোগ দিলে সেখান থেকেই মিটমাট করে নেওয়া হয়। সেই মেয়েটি ছোট হওয়ায় আমরাও পারিবারিকভাবে সরে আসার জন্য লিজনকে বুঝ দিয়েছিলাম। তারপর থেকে আর কোনো কিছু শোনা যায়নি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম বলেন, পারিবারিকভাবে কোনো অভিযোগ না থাকায় স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তির বিশেষ সুপারিশে লিজনকে দাফনের অনুমতি দেওয়া হয়েছে।

দর্শনায় ৩ শ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী রানা গ্রেফতার

মাদকে সয়লাব দর্শনাঞ্চল, এ সংবাদ প্রকাশের জেরে মাদক ব্যাবসায়ীদের দৌরাত্ব ঠেকাতে দৌড়ঝাপ শুরু করেছেন দর্শনা থানা পুলিশ। মাদক বিরোধী অভিযানে মাঠে নেমেই পেয়েছেন সফলতা।

অভিযানে মাদক পাচারকালে মাদক ব্যাবসায়ীর মোটরসাইকেলের বস্তায় মিললো ৩ শত বোতল ফেনসিডিল। সেই সাথে মাদক উদ্ধারের সাথে মাদক পাচারকাজে ব্যাবহৃত একটি মোটরসাইকেল জব্দ সহ গ্রেফতার করা হয়েছে মাসুদুর রহমান ওরফে রানা নামের এক মাদক ব্যাবসায়ীকে।

দর্শনা-হিজলগাড়ি সড়কে অভিযান চালিয়ে মাদক ও মোটরসাইকেল সহ গ্রেফতার করা হয় তাকে।

গতকাল শনিবার সকাল সাড়ে ৬টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এস,আই নীতিষ বিশ্বাস, এস,আই সুমন্ত বিশ্বাস, এস,আই সোহেল রানা, এ,এস,আই বশির আহম্মেদ, এ,এস,আই মামুনুর রহমান ও সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন দর্শনা- হিজলগাড়ী সড়কের দক্ষিন চাঁদপুর কবরস্থানের সামনে পাকা রাস্তার উপর।

এসময় দর্শনা হতে হিজলগাড়ি অভিমুখগামী একটি মোটরসাইকেলের পথ গতিরোধ করেন। পরে গতিরোধকৃত মোটরসাকেলের চালকের দখলে থাকা একটি বস্তার মধ্যে থেকে ৩০০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেন পুলিশ।

এসময় পুলিশ মোটরসাইকেলসহ মাদক ব্যাবসায়ী মাসুদুর রহমান ওরফে রানা (২৭) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত মাদক ব্যাবসায়ী দর্শনা দক্ষিন চাঁদপুর গ্রামের মাঝপাড়ার ফজল ইসলাম ও রীনা খাতুন দম্পতির ছেলে। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় ট্রেনের যাত্রাবিরতি ও আসন বরাদ্দসহ ৬ দফা দাবীতে গণসমাবেশ

দর্শনা হল্ট রেলস্টেশনে সুন্দরবন এক্সপ্রেসের আপ ও চিত্রা এক্সপ্রেসের ডাউন ট্রেনের যাত্রাবিরতি এবং ঢাকা-কলকাতা মৈত্রীএক্সপ্রেসের উভয়মুখী ট্রেনে দর্শনা আন্তর্জাতিক রেলস্টেশনে আসন বরাদ্দসহ ৬ দফা দাবী আদায়ের লক্ষ্যে গণসমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

“দর্শনার জন্য আমরা” ও “দর্শনা প্রেসক্লাব” র যৌথ উদ্যোগে গতকাল বেলা ৩ টায় দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে ষ্টেশন সংলগ্ন ফুলতলা চত্বরে এ গণসমাবেশ অনুষ্ঠিত হয়।

“দর্শনার জন্য আমরা” সংগঠনের আহ্বায়ক আনোয়ারুল ইসলাম বাবু’র সভাপতিত্বে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, কেরু চিনিকলের অবসরপ্রাপ্ত কর্মকর্তা খালেকুজ্জামান, “দর্শনার জন্য আমরা” সংগঠনের অন্যতম সদস্য রবিউল আলম বাবু, দর্শনা থানা প্রেসক্লাবের সভাপতি নুরুল আলম বাকু, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, দর্শনা গণউন্নয়ন গ্রন্থাগারের পরিচালক আবু সুফিয়ান, দর্শনা রিকশা-ভ্যান শ্রমিক ইউনিয়নের সভাপতি মোঃ হবা জোয়ার্দ্দার, সাবেক ছাত্রনেতা ইমরুল কাইয়ুম প্রমুখ।

এসময় আরও উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশন, সাম্প্রতিক সাংস্কৃতিক সংগঠন, দর্শনা আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ, দর্শনা রিক্সা-শ্রমিক ইউনিয়ন, আমরা জীবননগরবাসী এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের অসংখ্য নেতাকর্মীসহ নানা শ্রেণী-পেশার কয়েক হাজার মানুষ।

বর্ণাট্য আয়োজনে দর্শনা কেরুজ মাসুদ সংগঠনের বিশাল কর্মী সমাবেশ

দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ সংগঠনের বিশাল কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সন্ধায় দর্শনা কেরুজ ক্যাম্পস এলাকায় অবস্থিত মাসুদুর রহমান সংগঠনের নিজস্ব কার্যলয়ে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

মাসুদুর রহমান সংগঠনের সভাপতি চিনিকলের সিআইসি সাহেব আলী শিকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাংলাদেশ চিনিকল ফেডারেশনের সভাপতি ও দর্শনা কেরুজ চিনিকল শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক এবং সংগঠনের কর্ণধর মাসুদুর রহমান মাসুদ।

বক্তব্যে বলেন, বিভিন্ন মিল থেকে প্রায় আড়াই ‘শ কর্মী আমার সংগঠনে এসেছে। আগামী নির্বাচনে আমরা কারও শরণাপন্ন হবো না আমরা

কর্মীদের মৃল্যয়ন করবো।আমরা তিল তিল করে কর্মী যোগাড় করেছি আমরা কর্মীদের ন্যায্য অধিকার ফিরিয়ে দিয়েছি।আগামী জানুয়ারীতে কেরুজ ডিষ্টিলারীতে অটো মেশিন বসবে।অটো মেশিন বসার কারনে অনেক শ্রমিক বাদ যেত কিন্তু আমরা কোন শ্রমিক যাতে বাদ না যায় সেটা নিশ্চিত করেছি।আমি সব সময় শ্রমিকদের পাশে আছি।

অনুষ্ঠানে সংগঠনের কর্মী খন্দকার কায়েস আব্দুল্লাহর উপস্থাপনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, শ্যামপুর সুগার মিলের সাবেক সাধারন সম্পাদক বুলু আমিন, দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সম্পাদক খবির উদ্দিন, সাবেক সহ-সভাপতি রেজাউল করিম, সহ-সভাপতি পদপ্রার্থী এস,এম কবীর (সডিএ), সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী ইকবাল হুসাইন।

সমাবেশে আরও উপস্থিত থেকে বক্তব্য রাখেন, ইছা হক মোল্লা, মওলা বকস্, আবু বক্কর, ইয়াসির আরাফাত মিলন, আক্তার হোসেন গাবু, প্রমুখ।

আলমডাঙ্গার এরশাদপুরে রাস্তায় জোরপূর্বক বেড়া নির্মাণের অভিযোগ

আলমডাঙ্গা পৌরসভার এরশাদপুর গ্রামের চাষী পাড়ায় উজির হুজুরের বিরুদ্ধে প্রতিবেশীর চলাচলের রাস্তা বন্ধ করে জোরপূর্বক বেড়া নির্মাণের অভিযোগ উঠেছে।

এতে প্রায় ১৫ দিন ধরে চরম দুর্ভোগের শিকার হচ্ছেন প্রতিবেশী জুর আলী ও তার পরিবার। বেড়া নির্মাণে প্রতিবাদ করায় মারপিটের ঘটনায় আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেছে।

অভিযোগ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা পৌর এলাকার এরশাদপুর চাষীপাড়ার মৃত সের আলীর ছেলে জুর আলী তার পরিবার নিয়ে প্রায় ৬০ বছর বসবাস করে আসছে। তার পৈত্রিক সূত্রে ২১ শত জমি ভোগ দখল করে

বাড়ি-ঘর নির্মাণ করেছে।

তার বাড়িতে প্রবেশ পথ গত ২৫শে অক্টোবর জোরপূর্বক বেড়া দিয়ে বন্ধ করে দেয় উজির হুজুর। এসময় তাদের বাঁধা দিতে গেলে উজির হুজুরের ভাই মৃত ইয়াছিন মন্ডলের ছেলে রাজ্জাক, রাজ্জাকের জামাই রবিউল, মোজাহারের ছেলে আশাবুল ও রাজ্জাকের ছেলে ইব্রাহিম মারপিট করে। এ ঘটনায় জুর আলী বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেছে।

দামুড়হুদা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

দামুড়হুদা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে প্রস্তুতিমূলক সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবীর সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন ক্রীড়া সংগঠক ইউসুফ আলী, ক্রীড়া শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান, সাবেক মেম্বার ইকরামুল হোসেন, ক্রীড়া সংগঠন নুরুল ইসলাম, ইকরামুল হক, শিক্ষক আব্দুর রাজ্জাক, নুর কুতুব উল আলম, মিজানুর রহমান, আওয়ামী লীগ নেতা ইমতিয়াজ হোসেন, বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, সাধারণ সম্পাদক সাদেক আলী বিশ্বাস পাখি, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শিক্ষক মোমিনুল হক, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু তালেব, শিক্ষক ফারুক হোসেন, রাজ হোসেন, জান মোহাম্মদ, আমিনুল ইসলাম, জামিরুল ইসলাম, সহিদ আজম সদু, তুষার, তামিম, আরশেদ আলী, বিজয় তন্ময় সরকার প্রমুখ।

প্রস্তুতিমূলক সভা শেষে দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী কে আহ্বায়ক করে ৫১সদস্য বিশিষ্ট টুর্নামেন্ট পরিচালনা কমিটি গঠন করা হয়।

[redacted]

[redacted]

নজরদারীতে রাখে। অবশেষে সদর উপজেলার শ্যামপুর এলাকা থেকে তাকে হাতে নাতে এজেন্ট সিমসহ আটক করতে সক্ষম হয় পুলিশ। তবে পুলিশের উপস্থিতি বুঝতে পেয়ে নাসির আগে থেকে পালিয়ে যায় বলে জানা গেছে।

মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানে জানা গেছে, মেহেরপুর জেলা থেকে দুই শতাধিক এজেন্ট অনলাইন জুয়া সাইটের মাধ্যমে রাশিয়াসহ দেশের বিভিন্ন স্থানে পাচার করছেন প্রায় ৪০০ কোটি টাকা। আর এই অনলাইন জুয়ার সাথে জড়িত মেহেরপুরের সরকার দলীয় কয়েকজন শীর্ষস্থানীয় রাজনৈতিক নেতা, মুজিবনগরের প্রভাবশালী এক নেতা, সরকার সমর্থিত ছাত্র সংগঠনের কয়েকজন শীর্ষ নেতা, স্কুল ও কলেজের কয়েকজন শিক্ষক, ব্যবসায়ী ও বিভিন্ন শ্রেনীর প্রায় দুই শতাধিক ব্যক্তি।

কিছু রাজনৈতিক নেতা এবং কয়েকজন সাংবাদিক এসকল জুয়াড়ুদের কাছে থেকে নিয়মিত মাসোহারা নিতেন। মেহেরপুর প্রতিদিনে ‘অনলাইন জুয়ার দূর্গ’ নিয়ে ধারাবাহিক সংবাদ প্রকাশের পর থেকে রাজনৈতিক নেতা ও সাংবাদিকদের মাসোহারা বন্ধ হয়ে গেছে। ফলে ওই সকল নেতা ও সাংবাদিকদের কপালে চিন্তার ভাঁজ পড়েছে।

অনুসন্ধানে জানা গেছে, অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রতিদিনই কোটি টাকা পাচার হচ্ছে দেশের বাহিরে। এতে রাষ্ট্রের অর্থনৈতিক ক্ষতির পাশাপাশি বিপথে যাচ্ছেন তরুণ ও যুবকরা।

মেহেরপুর জেলার বিভিন্ন স্থানে অনলাইন জুয়া নিয়ে অনুসন্ধান এবং কয়েকটি গোয়েন্দা সংস্থার রিপোর্টে অনলাইন জুয়া নিয়ে উঠে এসেছে নানা তথ্য। সম্প্রতি সাইবার ক্রাইম বিভাগ একটি মামলা করেছেন।

মেহেরপুর অনলাইন জুয়ার দূর্গে হানা দিয়ে মেহেরপুরের ডিবি পুলিশ, মুজিবনগর থানা পুলিশ ও সাইবার নিরাপত্তা বিভাগ কয়েক দফা অভিযান চালিয়ে ১২ জন অনলাইন জুয়ার হোতাকে আটক করে আইনের আওতায় নিয়ে এসেছে। একই সঙ্গে মেহেরপুর প্রতিদিন ধারাবাহিক অনুসন্ধানি প্রতিদেবন প্রকাশ করায় অনলাইন জুয়ার সাথে জড়িতরা ভিন্ন কৌশল বেছে নিয়েছেন। অনেকে গা ঢাকা দিয়ে জেলার বাইরে গিয়ে ব্যবসা পরিচালনা করছেন এবং জেলার বাইরে থেকে বিকাশ, রকেট, নগদসহ অন্যান্য কোম্পানীর এজেন্ট সংগ্রহ করে ব্যবসা চালিয়ে যাচ্ছেন গ্রেফতার এড়ানোর জন্য। (চলবে..)

অনলাইন জুয়ার সকল সংবাদ দেখতে পড়ুন নিচের লিংকগুলো

মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে হানা

মেহেরপুরে অনলাইন জুয়ার মাস্টারমাইণ্ড প্রসেনজিৎ সহযোগীসহ আটক

মেহেরপুরে অনলাইন জুয়ার আরো চার হোতা আটক

মেহেরপুরের অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট শামিম অধরা

ধরাছোঁয়ার বাইরে অনলাইন জুয়ার অন্যতম চার হোতা মুকুল-জামান-নুরুল-মাদার

মেহেরপুরে অনলাইন জুয়ার আরও এক মাস্টার এজেন্ট পলাশ

অনলাইন জুয়ার এজেন্ট শামিমকে নিম্ম আদালতে আত্মসমর্পণের নির্দেশ

অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট শামিম কারাগারে

অনলাইন জুয়ার খপ্পরে মেহেরপুরের অর্ধশত তরুণ

মেহেরপুরে অনলাইন জুয়ার আরেক এজেন্ট সাদ্দাম আটক

গাংনী সীমান্তে ফেনসিডিলসহ ২ যুবক আটক

বিজিবির মাদক ও চোরাচালান বিরোধী অভিযানে ২ বোতল ফেনসিডিলসহ ২ মাদক কারবারীকে আটক করেছে।

আটকরা হলেন, গাংনী উপজেলার চিৎলা গ্রামের মোঃ বদর আলীর ছেলে মোঃ হাসিব(২৬) গাংনী পৌরসভার বাঁশবাড়িয়া গ্রামের আব্দুল হান্নানের ছেলে আশিকুর রহমান (১৯)।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) তেঁতুলবাড়ী বিওপি’র কমান্ডার হাবিলদার মোঃ অজিয়ার রহমানের নেতৃত্বে বিজিবির একটি টিম অভিযানে অংশ নেন।

ভারতীয় সীমান্তের তেঁতুলবাড়িয়া গ্রামের আন্তর্জাতিক পিলার ১৩৮/১-

এস হতে ৮০০ গজ বাংলাদেশের অভ্য̈ন্তরের হাজীপাড়া এলাকার পাকা রাস্তার মোড় নামক ̄স্থান থেকে তাদের দুজনকে আটক করেন।

গতকাল শনিবার (১২ নভেম্বর) বিকালের দিকে তেঁতুলবাড়িয়া গ্রামের হাজীপাড়া এলাকার পাকা রাস্তার মোড় নামক ̄স্থান থেকে তাদের আটক করা হয়।

এসময় তাদের কাছ থেকে ২ বোতল ফেনসিডিল, একটি মোটরসাইকেল, ২ টি মোবাইল ফোন ও ৪ টি সিমকার্ড জব্দ করা হয়েছে।
তেঁতুলবাড়ী বিওপি’র কমান্ডার হাবিলদার মোঃ অজিয়ার রহমান জানান, মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে ওই দুই মাদক কারবারীকে আটক করা হয়েছে।
আটকদের বিরুদ্ধে শনিবার সন্ধ্যায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরের পিরোজপুরে এক ব্যক্তির দুই পা ও এক হাত ভাঙলো প্রতিপক্ষরা

রাজনৈতিক প্রতিহিংসা পরায়ন প্রতিপক্ষ হামলা চালিয়ে কৃষক জুম্মাত আলী (৪৫) এর দুই পা ও এক হাত ভেঙ্গে গুড়িয়ে দিয়েছে।
জুম্মাত আলী এক মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। জুম্মাত আলী সদর উপজেলার পিরোজপুর গ্রামের কেসমত আলীর ছেলে।

গতকাল শনিবার (১২ নভেম্বর) সকাল ১০ টার সময় পিরোজপুর গ্রামের ছটাংগার মোড়ে দেশীয় অস্ত্র নিয়ে হামলা চালিয়ে তার দুই পা ও ডান হাতটি ভেঙ্গে দেয় প্রতিপক্ষরা।

আহত জুম্মাত আলী বলেন, আমি সকাল ১০ টার দিকে ছটাংগার মাঠে ঘাস কেটে ফিরছিলাম। হঠাৎ একই গ্রামের পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের ডান হাত নামে পরিচিত

দয়ালের নেতৃত্বে আব্দুল কুদ্দুস, আনসার আলী, আব্দুল মাবুদ, সাগর হোসেন মুন্নাফ হোসেন ও পচাসহ ১৪/১৫ জনের স্বশস্ত্র দল আকস্মি হামলা চালায়। তাদের হাতে রড, কোঁদাল ও লাঠি শোঠাসহ দেশীয় অস্ত্র ছিল। তারা আমার হাত পা ভেঙ্গে দিয়ে মৃতুভেবে ফেলে রেখে চলে যায়। জুম্মাত বলে আমি ইউনিয়ন পরিষদ নির্বাচনে আব্দুস সালামের পক্ষে ভোট করাকে কেন্দ্র করেই প্রতিপক্ষ আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের লোকজনের আমাদের উপর ক্ষিপ্ত হয়। ভোটের পরপরই গ্রামে সংঘর্ষ হয়। কিছুদিন পিরোজপুর গ্রামের শতাধিক পরিবার গ্রামছাড়া ছিল। সাম্প্রতিক সময়ে লোকজন ফিরে আসে। আজকে তারা হঠাৎ হত্যার উদ্যোশ্যে আমার উপর হামলা চালায়।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক মেহেদী জানান, জুম্মাত আলীর ২ টি হাত ও একটি পা ভেঙ্গে গেছে। এছাড়া তার হাত ও অপর একটি পায়ে প্রায় ১২ টি সেলাই গেছে। বর্তমানে সে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।
এঘটনায় মামলার প্রস্তুতি নিচ্ছেন জুম্মাত আলী।